"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

03 NOV 2025

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৯.৪০৪

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: "জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম" সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে অভিযান পরিচালনায় সহযোগিতা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা-১৯৮৫ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ -এর তফসিল-২ মোতাবেক নভেম্বর ২০২৫ থেকে জুন ২০২৬ পর্যন্ত মোট ০৮ (আট) মাস ২৫ সে.মি অপেক্ষা ছোট আকারের ইলিশ (জাটকা) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ বন্ধ থাকবে। আইন বাস্তবায়নে দেশের জাটকা সমৃদ্ধ সকল নদ-নদী, মাছ ঘাট, মৎস্য আড়ৎ, হাট-বাজার, চেইনশপ ও অন্যান্য বিক্রয়কেন্দ্রে ব্যাপক অভিযান পরিচালনা করা আবশ্যক। এছাড়া কারেন্ট জাল, বেহুন্দি জাল, চায়না দুয়ারি, চরঘেরা জাল ও খুটা জালসহ ৬.৫ সে.মি ফাঁসের কম ফাঁস বিশিষ্ট সকল প্রকার অবৈধ জালের উৎপাদন, বিপণন ও ব্যবহারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

০২। বর্ণিতবস্থায়, নভেম্বর ২০২৫ থেকে জুন ২০২৬ পর্যন্ত জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে দেশের জাটকা সমৃদ্ধ সকল নদ-নদীতে দিনে ও রাতে অভিযান পরিচালনা এবং সকল প্রকার অবৈধ জাল নির্মূলে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/১০/২০২৫
(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা;
০২। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা;
০৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা;
০৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা;
০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;
০৬। অতিরিক্ত আইজিপি, নৌ পুলিশ, লেভেল-১৩, টাওয়ার-১, পুলিশ প্লাজা কনকর্ড, গুলশান-১ ঢাকা-১২১২;
০৭। পরিচালক, নৌ অপারেশন্স, বাংলাদেশ নৌ বাহিনী, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা;
০৮। জেলা প্রশাসক, ----------------------------------------------;
০৯। উপজেলা নির্বাহী অফিসার, -------------------------------------।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। নৌ বাহিনী প্রধান, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা;
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। উপপরিচালক (অপারেশন্স), বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা;
০৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৫। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৬। অফিস কপি/মাস্টার কপি।

জাটকা ২০২৫ Latter

CamScanner